



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩১১

তারিখ: ১৬ অগ্রহাষণ ১৪২৮

০১ ডিসেম্বর ২০২১

বিষয়: চলতি আমন/২০২১-২০২২ মৌসুমে ধান সংগ্রহ সফলকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২১.২১৫, তারিখ: ০৪/১১/২০২১ খ্রি:।

২। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২১.২২৩, তারিখ: ০৮/১১/২০২১ খ্রি:।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি আমন/২০২১-২২ মৌসুমের আওতায় গত ০৭/১১/২০২১ খ্রি: তারিখ থেকে ৩.০০ লাখ মেঃ টন ধান ও ৫.০০ লাখ মেঃ টন সিদ্ধ চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে, যা আগামী ২৮/০২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ২৯/১১/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত সারাদেশে মাত্র ৪০৯ মে:টন ধান সংগৃহীত হয়েছে, যার বিভাগভিত্তিক চিত্র নিম্নরূপ:

ক্র:নং	বিভাগের নাম	লক্ষ্যমাত্রা (মে:টন)	ক্রমপূঞ্জিত সংগ্রহ (মে:টন)	সংগ্রহের হার
১.	রাজশাহী	৪৩৪০৪	৫৭	০.১৩%
২.	রংপুর	৬২৬৫৬	৪১	০.০৭%
৩.	খুলনা	৪১৮৫৬	৪৬	০.১১%
৪.	বরিশাল	৩২৪০৯	৫৪	০.১৭%
৫.	সিলেট	২০৯১৮	২৯	০.১৪%
৬.	ঢাকা	২৫৫৫৭	১৩৩	০.৫২%
৭.	ময়মনসিংহ	৩০৫৮৭	৩০	০.১০%
৮.	চট্টগ্রাম	৪২৬১৩	১৯	০.০৪%
সর্বমোট=		৩০০০০০	৪০৯	০.১৪%

বিভাগভিত্তিক সংগ্রহের তথ্য পর্যালোচনান্তে দেখা যায় ধান সংগ্রহের গতি অত্যন্ত মন্দ, যা মোটেই কাম্য নয়। ধান সংগ্রহের এরূপ পরিস্থিতিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন। গত ০৭/১১/২০২১ খ্রি: তারিখে দেশব্যাপী ধান সংগ্রহের উদ্বোধন করা হলেও এখনো ধান সংগ্রহের গতি হতাশাব্যঞ্জক। সরকার ধান-চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে দৃঢ় প্রতিজ্ঞ এবং সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বাধ্যবাধকতা রয়েছে বিধায় ধান-চাল সংগ্রহের ক্ষেত্রে বিশেষ করে ধান সংগ্রহ ত্বরান্বিত করার লক্ষ্যে ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণকে সক্রিয় ও তৎপর থেকে সংগ্রহ কার্যক্রম সফল করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, তার বিভাগের জেলাসমূহের সকল ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণকে ধান সংগ্রহ ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা হলো। ধান সংগ্রহ কাজে কোন ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তার অবহেলা বা শৈথিল্য পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা হিসেবে গুদামের দায়িত্ব থেকে প্রত্যাহারপূর্বক তদস্থলে দক্ষ, যোগ্য ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা পদায়ন করতে হবে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইসাথে ধান সংগ্রহের কাজে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তার অনীহা বা শৈথিল্য পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর স্ব স্ব কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করার জন্যও নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায়

তাদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।



১-১২-২০২১

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: +৮৮-০২২২৩৩৫৪৮৩৪

ইমেইল: dg@dgfood.gov.bd


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩১১/১(১২)

তারিখ: ১৬ অগ্রহাষণ ১৪২৮
০১ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১-১২-২০২১

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক (গ্রেড-১)